

## প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় ডে-কেয়ার এর উদ্বোধন

আন্তর্জাতিক অভিবাসী দিবস-২০১৭ উপলক্ষ্যে ঢাকার ইস্কাটনস্থ প্রবাসী কল্যাণ ভবনের ১১ তলায় ১৭ ডিসেম্বর সকাল-১০.০০ ঘটিকায় ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের ব্যবস্থাপনায় একটি ডে-কেয়ার সেন্টারের উদ্বোধন করেন প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রী নুরুল ইসলাম বিএসসি। ডে-কেয়ার উদ্বোধনকালে মন্ত্রী বলেন, মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার প্রতিশ্রুতি পূরণে এ মন্ত্রণালয়ে স্থায়ীভাবে একটি ডে-কেয়ার সেন্টার উদ্বোধন করা হলো। তিনি বলেন, কর্মজীবী পিতা-মাতার শিশুর যত্নে ডে-কেয়ার সেন্টার একটি সমন্বয়যোগী উদ্যোগ। তিনি আরও বলেন, টেকসই উন্নয়ন অর্জনে লক্ষ্যমাত্রা অর্জনে কর্মজীবীদের সন্তানদের লালন-পালনে ডে-কেয়ার সেন্টার অত্যন্ত প্রয়োজনীয়।

ডে-কেয়ার উদ্বোধনকালে উপস্থিত ছিলেন মন্ত্রণায়ের ভারপ্রাপ্ত সচিব ড. নমিতা হালদার এনডিসি অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) মোঃ আমিনুল ইসলাম, অতিরিক্ত সচিব (কল্যাণ ও মিশন) মোহাম্মদ আজহারুল হক, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের মহাপরিচালক গাজী মোহাম্মদ জুলহাস এনডিসি, জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর মহাপরিচালক মোঃ সেলিম রেজা মন্ত্রণালয়, বোয়েসেলের ব্যবস্থাপনা পরিচালক মরণ কুমার চক্রবর্তীসহ ও ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের কর্মকর্তা/কর্মচারীবৃন্দ।

ডে-কেয়ার সেন্টারে শিশুদের জন্য আধুনিক সকল সুযোগ-সুবিধা ব্যবস্থা রাখা হয়েছে। যাতে কোন কর্মকর্তা/কর্মচারীর অনুপস্থিতিতে শিশুদের যত্ন/লালন-পালনে কোন ব্যাঘাত সৃষ্টি না হয়। ডে-কেয়ার সেন্টারে শিশুদের জন্য মনোরম পরিবেশে খেলাধুলা করার সরঞ্জাম, ঘুমানোর জন্য বেড এবং লেখাপড়ার ব্যবস্থা রয়েছে। শিশুদের সেবায়ত্নের জন্য তত্ত্বাবধায়ক ও প্রয়োজনীয় স্টাফ রাখা হয়েছে।

